

# বর্জ্য অপসারণে সহায়তা চান মেয়র আনিসুল

📄 কালের কণ্ঠ অনলাইন



অ +

অ -



কোরবানির পশুর বর্জ্য ৪৮ ঘণ্টার মধ্যে অপসারণের আশা জানিয়ে এ কাজে নগরবাসীর সহায়তা চেয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। আজ শনিবার ডিএনসিসির অস্থায়ী কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, ঈদের দিন দুপুর ২টা থেকে পরিচ্ছন্নতা অভিযান শুরু হবে। পরবর্তী ৪৮ ঘণ্টার মধ্যেই উত্তর সিটি করপোরেশন এলাকাকে বর্জ্যমুক্ত করতে পারবো বলে আশা করছি।

মেয়র জানান, এবার ঢাকা উত্তরে কোরবানির জন্য ৬৪৮টি স্থান নির্ধারণ করা হয়েছে।

এর মধ্যে ১৯৬টি স্থানে সিটি করপোরেশনের পক্ষ থেকে ইমাম ও কসাইয়ের ব্যবস্থা রাখা হবে। কোরবানির পশুর বর্জ্য অপসারণে ঢাকা উত্তরে প্রায় ১ লাখ পলিব্যাগ সরবরাহ করা হবে বলেও মেয়রের সংবাদ সম্মেলনে জানানো হয়। এ কাজে দুই হাজার ২২৫ জন নিয়মিত কর্মীর সঙ্গে

আরও এক হাজার পাঁচজন অতিরিক্ত কর্মী থাকবে বলেও জানান তিনি।

সারা দেশের ১১টি সিটি করপোরেশন ও ৫৩টি জেলা শহরে কোরবানির পশু জবাইয়ের জন্য ছয় হাজার ২৩৩টি স্থান নির্ধারণ করে দেয় সরকার; যদিও এসব স্থানে পশু জবাই বাধ্যতামূলক নয়।

সিটি করপোরেশনগুলোর দুই হাজার ৯৪৩টি নির্ধারিত স্থানে পশু জবাইয়ের জন্য চার হাজার ৮৮৫ জন ইমাম এবং ১২ হাজার ৬৩৮ জন কসাই থাকবে বলে গত মাসে স্থানীয় সরকার সচিব আবদুল মালেক জানিয়েছিলেন।

জেলার নির্ধারিত পশু জবাইয়ের স্থানেও ইমাম-কসাই থাকবে।